

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ভিডিপি কার্যালয়
মনোহরগঞ্জ-কুমিল্লা

আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর/২২ খ্রিঃ ও ডিসেম্বর/২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :-

সভাপতি : : জনাব মোঃ আমিরুল ইসলাম
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মনোহরগঞ্জ, কুমিল্লা ।
স্থান : : উপজেলা আনসার ও ভিডিপি অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা ।
সভার তারিখ : : ২৮/১২/২০২৩ খ্রিঃ ।
সময় : : ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিতির স্বাক্ষর : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য (অনুপস্থিতিসহ) ।

সভাপতি মহোদয়, সকলকে স্বাগত জানিয়ে নভেম্বর/২২ খ্রিঃ ও ডিসেম্বর/২২ খ্রিঃ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভা শুরু করেন । কমিটির সদস্য সচিব উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মনোহরগঞ্জ, কুমিল্লাকে পূর্ববর্তী কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য অনুরোধ করা হলে তিনি তা পাঠ করে শুনান । কারো কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় । অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মনোহরগঞ্জ, কুমিল্লা সভায় জানান যে, মনোহরগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক । মাদক ও বাল্য বিবাহের খবর পেলে সাথে সাথেই ব্যবস্থা নেওয়া হচ্ছে । মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিস সর্বদা কাজ করে যাচ্ছে । প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ প্রতিরোধের কার্যক্রম অব্যাহত রয়েছে ।	আলোচনা সাপেক্ষে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।	উপজেলা ভাইস চেয়ারম্যান/ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মনোহরগঞ্জ, কুমিল্লা
০২	জনাব আবদুল মান্নান চৌধুরী, চেয়ারম্যান, ১০নং নাথেরপেটুয়া ইউনিয়ন পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা সভায় জানান যে, মাদকের করাল গ্রাসে একটি পরিবার তথা সমাজ পঙ্গু হয়ে যায় । মন্ত্রী মহোদয়ের নির্দেশনা ছিল মাদক মুক্ত মডেল মনোহরগঞ্জ গড়ে তোলার জন্য । মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক আমার প্রতিটি ওয়ার্ডে মাদক বিরোধী ক্যাম্পেইন করা হয় ।	আলোচনা সাপেক্ষে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।	সংশ্লিষ্ট সকল, আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপজেলা/ইউনিয়ন কমিটি মনোহরগঞ্জ, কুমিল্লা ।
০৩	জনাব মোঃ সোলাইমান মাস্টার, বিশিষ্ট সমাজসেবক, মনোহরগঞ্জ, কুমিল্লা সভায় জানান যে, মাদক একটি ক্ষতিকর সেবক । যা সমাজকে ধ্বংস করে । আমার ইউনিয়নে মাদকের বিরুদ্ধে কাজ করে যাচ্ছি । এবং বাল্য বিবাহ প্রতিরোধে কাজ করে যাচ্ছি	আলোচনা সাপেক্ষে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।	সংশ্লিষ্ট সকল, আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপজেলা/ইউনিয়ন কমিটি মনোহরগঞ্জ, কুমিল্লা ।
০৪	জনাব মোঃ আবদুল মতিন, অধ্যক্ষ, মনোহরগঞ্জ সরকারি স্কুল ও কলেজ, মনোহরগঞ্জ, কুমিল্লা সভায় জানান যে, আমার প্রতিষ্ঠানে সকল ক্লাশে, মাদক ও সন্ত্রাস এবং বাল্য বিবাহ সম্পর্কে ক্লাশে আলোচনা করা হয় ।	আলোচনা সাপেক্ষে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।	সংশ্লিষ্ট সকল, আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপজেলা/ইউনিয়ন কমিটি মনোহরগঞ্জ, কুমিল্লা ।
০৫	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা ও সভাপতি সভায় জানান যে, মনোহরগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি	আলোচনা সাপেক্ষে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।	সংশ্লিষ্ট সকল, আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপজেলা/ইউনিয়ন

<p>পূর্বের তুলনায় ভালো । সন্ত্রাস, মাদক, বাল্য বিবাহ ও নারী নির্যাতনের মতো ঘটনা রোধে কার্যক্রম চলমান আছে । এ বিষয়ে প্রতিটি ইউনিয়ন পর্যায়ে আনসার ও ভিডিপি দলনেতা ও দলনেত্রীগণের অভিযান অব্যাহত রয়েছে ।</p>		<p>কমিটি মনোহরগঞ্জ, কুমিল্লা ।</p>
--	--	--

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।



মোঃ আমিরুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনোহরগঞ্জ, কুমিল্লা

স্মারক নং : ২১৫/আভি

তারিখ : ০৪/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

০১/ জনাব মোঃ তাজুল ইসলাম, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-০৯ নির্বাচনী এলাকা ও মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।

০২/ জেলা প্রশাসক, কুমিল্লা ।

০৩/ পুলিশ সুপার, কুমিল্লা ।

অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :-

০১/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা ।

০২/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা ।

০৩/ অফিসার ইনচার্জ, মনোহরগঞ্জ থানা, কুমিল্লা ।

০৪/ উপজেলা..... অফিসার, মনোহরগঞ্জ, কুমিল্লা ।

০৫/ অধ্যক্ষ..... মনোহরগঞ্জ, কুমিল্লা ।

০৬/ চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা ।

০৭/ জনাব..... আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপজেলা/ইউনিয়ন কমিটি, মনোহরগঞ্জ, কুমিল্লা ।

০৮/ অফিস নথি ।



মোঃ আমিরুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনোহরগঞ্জ, কুমিল্লা